

পশ্চিমবঙ্গ সরকার
প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক এর কার্যালয়
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ দপ্তর, পুরুলিয়া

ক্রমিক নং - 1789/৫৭/০৫১৪

তারিখ- 16/11/17

আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য একলব্য আদর্শ আবাসিক
বিদ্যালয়ে ভর্তির বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ আনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তর দ্বারা পরিচালিত পুরুলিয়া জেলার মানবাজার ব্লক-২ এর অন্তর্গত শুশুনিয়া গ্রামে অবস্থিত শুধুমাত্র আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য একলব্য মডেল রেসিডেনসিয়াল স্কুলে ইংরেজী মাধ্যমে ২০১৮ শিক্ষাবর্ষে ষষ্ঠ শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত নিম্নলিখিত সূচী অনুযায়ী ভর্তি প্রক্রিয়া শুরু হবে -

- ১) ফর্ম তোলা ও জমা - ২২.১১.২০১৭ - ০৯.১২.২০১৭
- ২) ভর্তির পরীক্ষা - ১৩.১২.২০১৭
- ৩) পরীক্ষার ফল প্রকাশ - ১৯.১২.২০১৭
- ৪) ভর্তির তারিখ - ২০.১২.২০১৭ - ৩০.১২.২০১৭

সম্ভাব্য আসনসংখ্যা:-

শ্রেণী	বালক	বালিকা
ষষ্ঠ	৩০	৩০
সপ্তম	০২	০২
অষ্টম	০৪	০৪
নবম	০৪	০৪
মোট	৪০	৪০

সুযোগ সুবিধা :

- * এই আবাসিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের পড়াশোনা, খাণ্ডা-খাওয়া, কোচিং, বিদ্যালয়ের পোশাক, শরীরচর্চা, সেমিনার ইত্যাদির জন্য কোন টাকা লাগে না।
- * অসাধারণ প্রাকৃতিক সৌন্দর্যের মধ্যে অবস্থিত এই বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য পৃথকভাবে উন্নতমানের হস্টেল পরিকাঠামো রয়েছে।
- * ছাত্র-ছাত্রীদের খাওয়ার জন্য পৃথকভাবে উন্নতমানের ডাইনিং রুমের ব্যবস্থা রয়েছে।
- * ২৪ ঘন্টা বিদ্যুৎ ও পানীয় জলের সুবিধা আছে।
- * মডার্ন কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয় আছে এবং প্রতি শ্রেণীতে কম্পিউটার বিষয় পঠন-পাঠনের সুব্যবস্থা আছে।
- * প্রতি সপ্তাহে আভিজ্ঞ ও সুচিকিৎসক দ্বারা প্রতি ছাত্র-ছাত্রীর মেডিক্যাল চেক-আপ এবং বিনামূল্যে প্রয়োজনীয়

ঔষধ সরবরাহ করা হয়।

- * উচ্চ-মাধ্যমিক স্তরে বিজ্ঞান ও কলা বিভাগে উন্নতমানের ল্যাবরেটরি (প্রতি বিষয়ে আলাদাভাবে) ব্যবস্থা রয়েছে।
- * উন্নতমানের গ্রন্থাগারের সুবিধা রয়েছে।
- * প্রোজেক্টর সহযোগে শিক্ষনের ব্যবস্থা আছে।
- * ২০০৬ সাল থেকে ২০১৬ সাল পর্যন্ত মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক স্তরে পাশের হার ৯০% এর উপরে।
- * ছাত্র-ছাত্রীদের জন্য পৃথকভাবে সঙ্গীত শেখার ব্যবস্থা আছে।
- * অভিজ্ঞ ও প্রশিক্ষিত শিক্ষক শিক্ষিকা দ্বারা যত্ন-সহকারে, স্নেহশীলভাবে এই বিদ্যালয়ে পঠন-পাঠন, সাংস্কৃতিক অনুষ্ঠান, খেলাধুলা ইত্যাদি সুন্দরভাবে সুসম্পন্ন করা হয়ে থাকে।
- * যে সমস্ত ছাত্র-ছাত্রী ফিডার সকুলে পঞ্চম শ্রেণী থেকে ষষ্ঠ শ্রেণীতে উন্নীত হবে তাদেরও প্রবেশিকা পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে, তবেই তারা ভর্তির সুযোগ পাবে।

এছাড়া বিস্তারিত জানতে বিদ্যালয়ে যোগাযোগ করুন (রবিবার বাদে) -

ফোন নং- ৯৯৩৩৪৬৮৮৪০ প্রিন্সিপ্যাল - অজিত কুমার মাহাত

প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক

অনুগ্রহ করে সনুপাদায় কল্যাণ আধিকারিক
Project Officer Cum, District Welfare Officer,
Backward Classes Welfare, Purulia

ক্রমিক নং - ২৭৬২/বি. ডি. ও. পুরুলিয়া

তারিখ- ২৬.১১.১৭.

অনুলিপি প্রার্থে আধিকারিকদের নিকট প্রেরিত হইল -

- ১) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পুরুলিয়া জেলা পরিষদ (জেলা পরিষদের ওয়েবসাইটে নোটিশ আপলোডিং এর জন্য দেওয়া হইল।)
- ২) তথ্য সংস্কৃতি আধিকারিক (১টি স্থানীয় পত্রিকায় সংক্ষিপ্ত নোটিশ পাবলিশ করার জন্য দেওয়া হইল।)
- ৩) ডি.আই.ও, এন.আই.সি (বিভাগীয় ওয়েবসাইটে সংক্ষিপ্ত নোটিশ আপলোডিং এর জন্য দেওয়া হইল।)
- ৪) বি.ডি.ও, মানবাজার ব্লক -২, পুরুলিয়া।

প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক

অনুগ্রহ করে সনুপাদায় কল্যাণ আধিকারিক
Project Officer Cum, District Welfare Officer,
Backward Classes Welfare, Purulia